# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা জুন, ২০২৬

## বাংলা

## (প্রথম ভাষা)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

**বিভাগ-ক**

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ 1×17=17

১.১ গফুর জমি চাষ করত—

(ক) বিঘে দশেক (খ) বিঘে চারেক

(গ) বিঘে আটেক (ঘ) এক বিঘে

১.২ গফুর রাতে বংশীর দোকানে এসেছিল—

(ক) পিতলের থালা কিনতে (খ) পিতলের থালা বিক্রি করতে

(গ) পিতলের থালা বন্ধক দিতে (ঘ) একটি টাকা চাইতে

১.৩ 'ভারতবর্ষ' গদ্যাংশটির উৎস—

(ক) মাশুকের দরবার (খ) বলাকা

(গ) বেলা অবেলা কালবেলা (ঘ) কৃষ্ণ চরিত্র

১.৪ তারপর শিরোমণি-মশায় জিজ্ঞাসা করলেন—এই জলসত্র কাদের?

(ক) আমডোবের বিশ্বাসদের (খ) রতনপুরের কৈবর্তদের

(গ) নবাবগঞ্জের ছমিরুদ্দি মিঞার (ঘ) মোড়পুরের মুখার্জীদের

১.৫ হোল্ড-অলের স্ট্র্যাপে পা আটকে যিনি পড়ে গেলেন, তিনি—

(ক) একজন যুবতী (খ) একজন বৃদ্ধা

(গ) একজন কিশোরী (ঘ) মাঝবয়সি মহিলা

১.৬ 'অসুবিধা তেমন কিছু হইল না'— কার অসুবিধার কথা বলা হয়েছে?

(ক) এক বৃদ্ধার (খ) ট্রেনের কুলির

(গ) বাঙালি ভদ্রলোকের (ঘ) অন্য যাত্রীদের

১.৭ মাইলস্টোন দেখে বোঝা যায়—

(ক) পথের পরিচয় (খ) স্থানের দূরত্ব

(গ) শহরের দূরত্ব (ঘ) পথের সৌন্দর্য

১.৮ স্রষ্টা নতুন সৃষ্টিকে বারবার বিধ্বস্ত করছিলেন কখন?

(ক) উদ্‌ভ্রান্ত মধ্যযুগে (খ) উদ্‌ভ্রান্ত প্রাচীন যুগে

(গ) উদ্‌ভ্রান্ত আধুনিক যুগে (ঘ) উদ্‌ভ্রান্ত সেই আদিম যুগে

১.৯ শ্যামা জন্মদার কাছে কবি কী বর চেয়েছেন?

(ক) ধনলাভের (খ) অমর হবার বর

(গ) কবি হবার বর (ঘ) বিখ্যাত হবার বর

১.১০ 'আঠারো বছর বয়স' কবিতাটি কার রচনা?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) সুকান্ত ভট্টাচার্য

(গ) নজরুল ইসলাম (ঘ) প্রেমেন্দ্র মিত্র

১.১১ মহাভারতের কোন চরিত্র অপুর ভালো লাগত?

(ক) শ্রীকৃষ্ণের (খ) কর্ণের

(গ) দুর্যোধনের (ঘ) দ্রৌপদীর

১.১২ যে সকল স্বরধ্বনি বা বর্ণ উচ্চারণের ক্ষেত্রে অপেক্ষাকৃত বেশি সময় লাগে, তাকে বলে—

(ক) হ্রস্বস্বর (খ) দীর্ঘস্বর

(গ) প্লুতস্বর (ঘ) যৌগিক স্বর

১.১৩ বাক্যের অর্থের পূর্ণতা প্রকাশ করে—

(ক) নামপদ (খ) অব্যয়

(গ) ক্রিয়া (ঘ) সমাপিকা ক্রিয়া

১.১৪ 'বর্ষবরণ' হল—

(ক) করণ তৎপুরুষ (খ) অপাদান তৎপুরুষ

(গ) অধিকরণ তৎপুরুষ (ঘ) কর্মতৎপুরুষ

১.১৫ ব্যাকরণগতভাবে 'সমাস' শব্দটির অর্থ—

(ক) সম্মেলন (খ) সমাসীন

(গ) ধারণা (ঘ) সংক্ষিপ্তকরণ

১.১৬ পরস্পর সন্নিহিত দুটি স্বরধ্বনির সংযোগে বা মিলনে যে সন্ধি হয়, তাকে বলে—

(ক) বিসর্গ সন্ধি (খ) ব্যঞ্জন সন্ধি

(গ) স্বরসন্ধি (ঘ) নিপাতনে সিদ্ধ সন্ধি

১.১৭ 'পথের পাঁচালি' উপন্যাসটির কোন্ অংশটি তোমাদের পাঠ্য?

(ক) কুঠির মাঠ (খ) অপু-দুর্গা

(গ) আমআঁটির ভেঁপু (ঘ) হরিহরের যাত্রা

**বিভাগ-খ**

২. নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও (*যেকোনো দশটি*) ঃ 1×10=10

২.১ গ্রাম ছেড়ে যাবার সময় গফুর কী বলেছিল?

২.২ ''বুড়ো কী পড়ছে জানবার জন্য আমার বিশেষ কৌতূহল হল।''—বুড়ো কে?

২.৩ ''সেই থেকে এই মাঠটির নাম হলো কচু-চুষির মাঠ।''—'কচু-চুষির মাঠ' নামকরণের কারণ কী?

২.৪ ''উঠলে ত, এখন বসবে কোথায় বাছা।''—কে, কাকে একথা বলেছিলেন?

২.৫ বিদ্যাসাগর মহাশয়ের পিতা ও মাতার নাম কী?

২.৬ 'স্ত্রীজাতির অবনতি' রচনাটি কার লেখা?

২.৭ ''এল ওরা লোহার হাতকড়ি নিয়ে''—ওরা কারা?

২.৮ ''আমরা বাঙালি বাস করি সেই বাঞ্ছিত ভূমি বঙ্গে।''—কার লেখা? কোন কবিতার অংশ?

২.৯ 'আঠারো বছর বয়স' কীসের প্রতীক?

২.১০ 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কবি এক জায়গায় বলেছেন ''অমর করিয়া বর দেহ দাসে সুবরদে।''—এখানে 'বর' শব্দের অর্থ কী?

২.১১ ''কুঠির মাঠ দেখবো, কুঠির মাঠ দেখবো—কেমন হল তো কুঠির মাঠ দেখা?''—বক্তা কে?

২.১২ ''কৌরবের মন্দুরায় ...''—'মন্দুরা' শব্দের অর্থ কী?

## বিভাগ-গ

৩. *যেকোনো সাতটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×7=35

৩.১ 'মহেশ' গল্পে তৎকালীন সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো। 5

৩.২ ''আমি কিন্তু স্তম্ভিত হয়ে গেলুম ভিতকার দৃশ্য দেখে।''— কে, কখন স্তম্ভিত হয়ে গিয়েছিলেন? কেন তিনি স্তম্ভিত হয়ে গিয়েছিলেন? 2+3=5

৩.৩ ''বটতলায় পৌঁছে দেখলেন একটা জলসত্র''— 'জলসত্র' কী? সেটির বর্ণনা দাও। জলসত্র কেন লোকে স্থাপন করে? 1+2+2=5

৩.৪ 'আত্মচরিত' রচনাংশে ঈশ্বরচন্দ্রের শেখবার প্রবল আগ্রহ ও স্মরণশক্তির ঘটনাটি প্রবন্ধ অনুসরণে আলোচনা করো। 5

৩.৫ প্রাবন্ধিক বেগম রোকেয়া শাখাওয়াত হোসেন স্ত্রীজাতির অবনতি রোধ করার জন্য যেসব উপায় অবলম্বন করার নির্দেশ দিয়েছেন তাঁর 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধ অবলম্বনে তা বিশ্লেষণ করো। 5

৩.৬ 'আফ্রিকা' কবিতায় রবীন্দ্রনাথের বিশ্বমানবতার যে ছবি ফুটে উঠেছে তা কবিতা অনুসরণে আলোচনা করো। 5

৩.৭ ''আমরা বাঙালি বাস করি সেই তীর্থে বরদবঙ্গে''—কোন কবিতার অংশ? বাঙালি জাতির যে কীর্তিগাথা কবি তুলে ধরেছেন তা আলোচনা করো। 1+4=5

৩.৮ মোহিতলাল মজুমদারের 'কালবৈশাখী' কবিতায় ঝড়ের যে প্রদত্ত রূপের বর্ণনা দেওয়া হয়েছে সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। 5

৩.৯ ''বালক তাহা কোনোমতেই ভাবিয়া ঠাহর করিতে পারিতেছিল না।''—কোন্ বালকের কথা বলা হয়েছে? সে কোন বিষয়টি ভেবে ঠাহর করতে পারছিল না? 1+4=5

৩.১০ ''রাজ্য আপনার বাহুবলে করি লহ হে বৎস, উদ্ধার''—কে, কাকে একথা বলেছেন? উদ্দিষ্ট ব্যক্তি রাজ্য উদ্ধার করে নিলে কী হবে বলে বক্তার ধারণা? এর উত্তরে উদ্দিষ্ট ব্যক্তি কী বলেছেন? 1+2+2=5

৩.১১ 'বঙ্গভূমির প্রতি' কবিতার মূল ভাবটি বুঝিয়ে লেখো। 5

৩.১২ ''তুমি আমার ছেলে বাবা, ছেলের কাজ করেছ।''—কে, কাকে একথা বলেছেন? উদ্দিষ্ট ব্যক্তি কী করেছিল যার জন্য একথা বলা হয়েছে? 1+4=5

## বিভাগ-ঘ

৪. *যেকোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ 2×4=8

৪.১ অক্ষর (Syllable) কাকে বলে? উদাহরণ দাও।

৪.২ যৌগিক স্বর বা সন্ধ্যক্ষর কাকে বলে?

৪.৩ নীচের শব্দদুটি ধ্বনি পরিবর্তন করে সূত্র লেখোঃ

মুক্তা এবং বিলাতি

৪.৪ বিভক্তি কাকে বলে? বিভক্তি কয়প্রকার ও কী কী?

৪.৫ সন্ধি বিচ্ছেদ করো ঃ

অত্যন্ত, শীতার্ত

৪.৬ ব্যাসবাক্য-সহ সমাস লেখো ঃ

রক্তজবা, জয়ধ্বনি

৪.৭ এককথায় প্রকাশ করো ঃ

যে উপকার স্বীকার করে না, যে বিদেশে থাকে

৪.৮ অর্থ উল্লেখ করে বাগধারা দুটি দিয়ে বাক্য রচনা করোঃ

উভয় সংকট, উত্তম মধ্যম

## বিভাগ-ঙ

৫. *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×2=10

৫.১ গাছ কাটা নিষিদ্ধ করল হাইকোর্ট—এই বিষয়টি নিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযুক্ত একটি প্রতিবেদন রচনা করো।

৫.২ ভাবসম্প্রসারণ করো ঃ 5

শোন রে মানুষ ভাই,
সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।

৫.৩ বাংলায় অনুবাদ করো ঃ 5

The value of men's life is measured not by the number of years he has lived, but by the number of good deeds he has done. A man may live a longer life without doing any great or noble work that may benefit the world. Such a life is useless and man is forgotten as soon as he dies. But a man who does noble works for the benefit of mankind lives in the memory of the people even after his death.

৫.৪ সারাংশ লেখো ঃ 5

পৃথিবী মৃত্যুকেও কোলে করিয়া লয়, জীবনকেও কোলে করিয়া রাখে, পৃথিবীর কোলে উভয়েই ভাইবোনের মতো খেলা করে। এই জীবনমৃত্যুর প্রবাহ দেখিলে, তরঙ্গ-ভঙ্গের উপর ছায়া-আলোর খেলা দেখিলে, আমাদের কোনো ভয় থাকে না, কিন্তু বদ্ধ মৃত্যু রুদ্ধ ছায়া দেখিলে আমাদের ভয় হয়। মৃত্যুর গতি যেখানে আছে, সেখানে মৃত্যু ভয়ানক নহে। কিন্তু চিহ্নের মধ্যে আবদ্ধ গতিহীন মৃত্যুই প্রকৃত মৃত্যু, তা ভয়ানক এই জন্য সমাধিভূমি ভয়ের আবাসস্থল।

**বিভাগ-চ**

৬. *যেকোনো একটি* বিষয় অনুসরণে কমবেশি 300 শব্দে প্রবন্ধ রচনা করো ঃ 10×1=10

৬.১ বন ও বন্যপ্রাণী সংরক্ষণ

৬.২ বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ

৬.৩ যুগনায়ক বিবেকানন্দ

৬.৪ বইমেলা

৬.৫ নারীশিক্ষা ও স্বনির্ভরতা (কন্যাশ্রী প্রকল্প)

———